অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/17/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সড়কে গৃহহীনতার সমাধানে 38.2 মিলিয়ন মার্কিন ডলারের উদ্যোগ ঘোষণা করলেন

স্টেটের তহবিল ঘরহীন নিউ ইয়র্কবাসীদের তাৎক্ষণিক চাহিদা পূরণের জন্য আটটি আচরণগত স্বাস্থ্য পেশাদারের দল প্রতিষ্ঠা করলেন

নিউ ইয়র্ক সিটিতে সফলভাবে ব্যবহার করা দলের আদর্শে তৈরি দলগুলি নিউ ইয়র্ক স্টেটের সড়কে গৃহহীনতার উচ্চ হারসহ এলাকাসমূহে নিযুক্ত করা হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে আটটি নিরাপদ বিকল্প সমর্থন দল (Safe Options Support, SOS) প্রতিষ্ঠা করার জন্য 38.2 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকবে, দলগুলি নিউ ইয়র্ক সিটির বাইরে স্টেটের বিভিন্ন এলাকায় গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদেরকে নিবিড় আউটরিচ, চিকিৎসার সমন্বয় সেবা প্রদান করবে। স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের (Office of Mental Health, OMH) মাধ্যমে অর্থায়িত দলগুলি বর্তমানে নিউ ইয়র্ক সিটির সড়ক ও সাবওয়ে ব্যবস্থার মধ্যে আশ্রয়হীন ব্যক্তিদের সহায়তা প্রদানকারী দলগুলির আদর্শে গঠন করা হবে এবং স্টেটের যেসব এলাকায় সড়কে গৃহহীনতার হার বেশি সেসব স্থানে তাদের নিয়োগ করা হবে।

"আমাদের সম্প্রদায়গুলিতে অনেক বেশি নিউ ইয়র্কবাসী ঘরহীন রয়েছে, তাদের নিজের পায়ে পুনরায় দাঁড়ানোর সংস্থান ও সমর্থনের ঘাটতি রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "এই আউটরিচ পেশাদারগণ তাৎক্ষণিক সহায়তা প্রদানে সাহায্য করবে এবং সড়কে বসবাসরত ব্যক্তিদের সাথে একটি ইতিবাচক সম্পর্ক গঠন করবে - তাদের স্থিতিশীলতার পথে যাত্রা শুরুর জন্য নির্ভর করার মত সেবা পাওয়ার সুযোগ দিতে সাহায্য করবে।"

নিরাপদ বিকল্প সমর্থন দলগুলির মধ্যে আচরণগত স্বাস্থ্য পেশাদার দল থাকবে যারা গৃহহীনতায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীদেরকে অতি গুরুত্বপূর্ণ সেবা ও আশ্রয়কেন্দ্রের সাথে যুক্ত করে দেওয়ার ব্যাপারে বিশেষজ্ঞ। এর মধ্যে রয়েছে লাইসেন্সধারী ক্লিনিশিয়ান, সেবা ব্যবস্থাপক এবং পিয়ার বিশেষজ্ঞ যারা স্থানীয় সরকার, সম্প্রদায়ের অংশীদার, হাসপাতাল, আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং অন্যান্যদের সাথে নিবিড়ভাবে কাজ করবে।

স্টেটের মানসিক স্বাস্থ্য অফিস আটটি দলের প্রতিটি প্রতিষ্ঠার জন্য পাঁচ বছর মেয়াদে 4.7 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করবে। প্রতিটি দল নিউ ইয়র্ক সিটির বাইরে স্টেটের এমন এলাকায় অবস্থিত হবে যেখানে গত সপ্তাহে প্রকাশিত প্রস্তাবনার অনুরোধ অনুযায়ী অবিলম্বে জটিল চাহিদা সর্বাধিক।

গত বছর সড়কে এবং সাবওয়ে ব্যবস্থার মধ্যে বাস করতে থাকা আশ্রয়হীন ব্যক্তিদের সমর্থন ও সহায়তা প্রদান করার জন্য নিউ ইয়র্ক সিটিতে একই ধরনের দল নিযুক্ত করা হয়েছিলো। এখন পর্যন্ত, 10টি দল গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের সাথে, যাদের অনেকেই মানসিকভাবে অসুস্থ, মোট 4,500-র বেশি আউটরিচ এনকাউন্টার করেছে, এর মধ্যে প্রায় 200 ব্যক্তিকে অস্থায়ী আশ্রয়কেন্দ্রের ব্যবস্থায় স্থাপন করা হয়েছে এবং 600-র বেশি মানুষ দলগুলির থেকে চলমান সহায়তা গ্রহণের ব্যাপারে সম্মত হয়েছে।

মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন, "নিরাপদ বিকল্প সমর্থন দলগুলি স্টেটের সবথেকে দুঃস্থ মানুষের এক অংশের সাথে আস্থা ও সম্পর্ক স্থাপন করে, যাদেরকে সেবায় জড়িত করা প্রায়শই কঠিন হয়ে থাকে। SOS দলের আদর্শটি নিউ ইয়র্ক সিটিতে কাজ করছে, এবং আমি খুশি যে স্টেটের অন্যান্য যেসব অঞ্চলে মানসিকভাবে অসুস্থ মানুষের মধ্যে গৃহহীনতার হার বেশি সেখানে শীঘ্রই আমাদের দল থাকবে।"

নিরাপদ বিকল্প সমর্থন দলগুলি গৃহহীন ব্যক্তিদের সাথে কাজ করে তাদের জীবন দক্ষতা বিকাশে সাহায্য করার জন্য এবং তাদের সমর্থন নেটওয়ার্ক জোরদার করার জন্য যাতে করে তাদের চিকিৎসা সফলভাবে সম্প্রদায়ভিত্তিক স্বাস্থ্যসেবা প্রদানকারীদের কাছে হস্তান্তর করা যায়।আউটরিচের পাশাপাশি দলগুলি হাসপাতাল, সামাজিক সেবা বিভাগ, আইন শৃঙ্খলা রক্ষাকারী, সম্প্রদায়ের সেবাদানকারী এবং তারা যেই এলাকায় ঘরহীন ব্যক্তিদের সাথে জড়িত হবে সেখানে কাজ করতে থাকা অন্যদের থেকে রেফারেলও গ্রহণ করবে।

এই দলগুলি সঙ্কটকালীন সময়ে হস্তক্ষেপ (Critical Time Intervention) ব্যবহার করে, এটি একটি প্রমাণভিত্তিক অনুশীলন যা দুঃস্থ ব্যক্তিদেরকে তাদের জীবনের কঠিন ক্রান্তিকালীন সময়ে আবাসন ও সেবার সাথে সংযুক্ত করে দেয়। এই আদর্শের অধীনে, দলগুলি দ্রুত যোগাযোগ স্থাপন করে এবং আস্থা স্থাপন করতে ও সংযোগ বজায় রাখতে ইতিবাচক ও অধ্যবসায়ী আউটরিচ পরিচালনা করে। দলগুলি সমন্বিত চিকিৎসার ক্রান্তিকালীন কর্মকাণ্ড ও সমর্থন প্রদান করে, যা রেফারেলের সময় থেকে শুরু হয় এবং সম্প্রদায়ে আবাসন, চিকিৎসা ও সমর্থনে স্থানান্তরের মধ্যে দিয়ে শেষ হয়।

দ্রুত সংযোগ নিশ্চিত করতে এবং সেবার পুনরাবৃত্তি প্রতিরোধ করতে রেফারেলগুলি স্টেটের আসক্তি সেবা ও সমর্থন অফিস (Office of Addiction Services and Supports), স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিস (Office of Temporary and Disability Assistance), স্থানীয় সামাজিক সেবা বিভাগ এবং অন্যান্য মুখ্য স্টেকহোল্ডারদের সাথে নিবিড় সহযোগিতায় সমন্বয় করা হয়।সেবা প্রদান করা হবে আবাসনে স্থাপনের পূর্বে ও পরে 12 মাস পর্যন্ত, যেখানে থাকবে নিবিড় প্রাথমিক আউটরিচ ও সংযুক্ত হওয়ার সময়কাল যেখানে প্রতি সপ্তাহে একাধিকবার, প্রতিবার কয়েক ঘণ্টা করে সাক্ষাৎ করা হবে।

দলগুলির সাথে সংযুক্ত হওয়া ব্যক্তিবর্গকে দৈনন্দিন জীবনের স্ব-ব্যবস্থাপনা দক্ষতা ও কর্মকাণ্ড নিয়ে সাহায্য করা হবে যার লক্ষ্য হবে স্ব-কার্যক্ষমতা ও পুনরুদ্ধার অর্জন করা। দলগুলির আউটরিচের উদ্দেশ্য হলো চিকিৎসা ও সমর্থন সেবার মধ্যে সংযোগ স্থাপন করা।

এইসব নিরাপদ বিকল্প সমর্থন দলগুলি এবং বর্তমানে নিউ ইয়র্কে সক্রিয় থাকা দলগুলির পাশাপাশি গভর্নর হোকল নিউ ইয়র্কের মানসিক স্বাস্থ্য সেবার ধারাবাহিকতা ঢেলে সাজাতে এবং মানসিক স্বাস্থ্য চাহিদা পূরণ হয়নি এমন ব্যক্তিদের সংখ্যা ব্যাপকভাবে হ্রাস করতে তার সার্বিক পরিকল্পনার অংশ হিসেবে আরো আটটি দল যোগ করার আহ্বান করেছেন, যাদের মধ্যে পাঁচটি নিউ ইয়র্ক সিটিতে এবং বাকিগুলি স্টেটের অন্যান্য অংশে থাকবে। 2023 স্টেট অফ দ্য স্টেটে (State of the State) ঘোষিত এই 1 বিলিয়ন মার্কিন ডলারের বহু বছরের বিনিয়োগের উদ্দেশ্য হলো আউটপেশেন্ট ও ইনপেশেন্ট সেবা নাটকীয়ভাবে বৃদ্ধি করা, শিক্ষার্থীদের জন্য নতুন স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক স্থাপন করা, মানসিক অসুস্থ ব্যক্তিদের জন্য অতিরিক্ত 3,500 ইউনিট আবাসন তৈরি করা এবং মানসিক স্বাস্থ্য সেবার ক্ষেত্রে বীমার আওতা বৃদ্ধি করা।

অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন, "এই আদর্শটি গৃহহীনতায় ভুগতে থাকা এবং সড়কে বাস করতে থাকা বহু মানুষ একাধিক যেসব সমস্যার সম্মুখীন হয় তা উপলব্ধি করতে পারে। মানুষকে নিম্ন প্রতিবন্ধকতার আশ্রয়কেন্দ্র ও সেবার সাথে সংযুক্ত করে দেওয়ার ক্ষেত্রে এটি সফল হিসেবে প্রমাণিত হয়েছে। নিউ ইয়র্ক সিটির বাইরের সম্প্রদায়সমূহে গভর্নর হোকল যে এই কর্মসূচিকে সম্প্রসারণ করছেন তা একটি স্বাগত সংবাদ এবং এটি আমাদের সবথেকে দুর্বল নিউ ইয়র্কবাসীদের এক অংশকে আশা প্রদান করে।"

আসক্তি সেবা ও সমর্থন অফিসের কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন, "আমরা জানি যে গৃহহীন ব্যক্তিরা সব থেকে দুর্বল নিউ ইয়র্কবাসীদের মধ্যে একটি অংশ। ঘরহীন ব্যক্তিদের চাহিদা পূরণ করার জন্য আমাদেরকে সম্ভাব্য সবকিছু করা অব্যাহত রাখতেই হবে। নিরাপদ বিকল্প সমর্থন দলগুলি একটি কলঙ্কহীন ও নিন্দাহীন উপায়ে মানুষকে তারা যেখানে আছে সেখানেই যথাযথ কর্মসূচি ও সেবার সাথে সংযুক্ত করতে সাহায্য করার জন্য অতি গুরুত্বপূর্ণ।"

স্টেটের সিনেটর সামরা ব্রোক বলেন, "আবাসন অনিরাপত্তা আপস্টেটের শহরগুলির একটি ক্রমবর্ধমান সমস্যায়, এবং মানুষকে অতি গুরুত্বপূর্ণ সংস্থানের সাথে যুক্ত করে দেওয়ার সমর্থনে গভর্নর হোকলের বিনিয়োগ দেখে আমি উৎসাহিত হয়েছি। আমাদেরকে মানুষের কাছে সেখানেই পৌঁছাতে হবে যেখানে তারা স্বেচ্ছায় প্রয়োজনীয় চিকিৎসা চাইতে পারবে, এবং আমি আশাবাদী যে এই কর্মসূচিগুলি আমাদের সম্প্রদায়ে সফল হবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418